

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৩৪

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ সোমবার সিয়াম রাখা মুস্তাহাব কেননা এই দিন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জন্ম গ্রহণ করেছিলেন এবং এই দিন তাঁর উপর সর্বপ্রথম অহী অবতীর্ণ হয়েছিল

ذِكْنُ اسْتِحْبَابِ صَوْمِ يَوْمِ الْاثْنَيْنِ لِأَنَّ فِيهِ وُلد رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَفِيهِ أُنزلَ عَلَيْهِ الْبَدَاءُ الْوَحْي

আরবী

3634 _ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمِنْهَالِ الضَّرِيرُ حَدَّثَنَا يَزِيدُ بْنُ الْمَنْهَالِ الضَّرِيرُ حَدَّثَنَا سَعِيدُ بْنُ أَبِي عَرُوبَةَ حَدَّثَنَا قَتَادَةُ عَنْ غَيْلَانَ بْنِ جَرِيرٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَعْبَدِ عَنْ أَبِي قَتَادَةَ: أَنَّ أَعْرَابِيًّا سَأَلَ النَّبِيُّ صلى الله عليه وسلم عَنْ صَوْمِ الدَّهْرِ فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم: (لَا صَامَ وَلَا أَفْطَرَ) أَوْ قَالَ: (لَا أَفْطَرَ وَلَا صَامَ) فَقَامَ غَيْرُهُ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ أَرَأَيْتَ رَجُلًا يَصُومُ مِنْ كُلِّ شَهْرٍ ثَلَاثَةَ أَيَّامٍ؟ قَالَ: (ذَاكَ صَوْمُ الدَّهْرِ) قَالَ: أَرَأَيْتَ رَجُلًا يَصُومُ مَنْ كُلِّ شَهْرٍ ثَلَاثَةَ أَيَّامٍ؟ قَالَ: (ذَاكَ صَوْمُ الدَّهْرِ) قَالَ: أَرَأَيْتَ رَجُلًا يَصُومُ مَوْمُ الْإِنْنَيْنِ؟ قَالَ: (ذَاكَ عَوْمٌ وُلِدْتُ فِيهِ ويَوْمُ أَنْزِلَ عليًّ) قَالَ: أَرَأَيْتَ رَجُلًا يَصُومُ مَوْمُ الْاِثْنَيْنِ؟ قَالَ: (ذَاكَ عَوْمٌ وُلِدْتُ فِيهِ ويَوْمُ أَنْزِلَ عليًّ) قَالَ: أَرَأَيْتَ رَجُلًا يَصُومُ مُ يَوْمً الِاثْنَيْنِ؟ قَالَ: (ذَاكَ صَوم أَخِي داود) رَجُلًا يَصُومُ مُ الْوَقْرَارُ يَوْمًا؟ قال: (ذَاكَ صَوم أَخي داود) الراوي : أَبُو قَتَادَةَ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الصان على صحيح ابن حبان الصان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 3634 ا خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود)) الصفحة أو الرقم: 3634 ا خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود))

বাংলা

৩৬৩৪. আবৃ কাতাদা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "এক বেদুঈন আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে চিরকাল সিয়াম রাখা সম্পর্কে জিজ্ঞেস করেন। তখন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "সে সিয়াম রাখেনি এবং সিয়াম ছাড়েওনি।" অথবা (রাবীর সন্দেহ) তিনি বলেছেন, "সে সিয়াম ছাড়েনি এবং সিয়াম রাখেওনি।" অতঃপর আরেক ব্যক্তি উঠে বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, ঐ ব্যক্তির ব্যাপারে আপনার অভিমত কী, যে প্রত্যেক মাসে তিনটি করে সিয়াম রাখে?" তিনি জবাবে



বলেন, "এটা সারা বছর সিয়াম রাখা (এর সমতুল্য)।" তিনি আবার জিজ্ঞেস করেন, ঐ ব্যক্তির ব্যাপারে আপনার অভিমত কী, যে ব্যক্তি সোমবার সিয়াম রাখে?" জবাবে তিনি বলেন, "ওটা এমন দিন, যাতে আমি জন্ম গ্রহণ করেছি এবং সেটা এমন দিন যাতে আমার উপর অহী অবতীর্ণ হয়েছে।" তিনি পুণরায় প্রশ্ন করেন, "ঐ ব্যক্তির ব্যাপারে আপনার অভিমত কী, যে একদিন সিয়াম রাখে আর এক দিন সিয়াম ছাড়ে?" তিনি জবাবে বলেন, "এটা আমার ভাই দাউদ আলাইহিস সালামের সিয়াম।"[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ২১৭; সুনান বাইহাকী: ৪/২৮৬; মুসনাদ আহমাদ: ৫/২৯৬-২৯৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৭৮; সহীহ মুসলিম: ১১৬২; আবু দাউদ: ২৪২৬; নাসাঈ: ৪/২০৭; বাগাবী: ১৭৮৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ২০৯৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবু কাতাদাহ্ আল-আনসারী (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন